


চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ওয়াসা অফিস ভবন, দামপাড়া, চট্টগ্রাম।

বিষয়ঃ রিকোয়েস্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেস্ট (EOI)

চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ এর ২০১৭-২০১৮ অর্থ বছর (২০১৮-১৯ করবর্ষ), ২০১৮-১৯ অর্থ বছর (২০১৯-২০ করবর্ষ), ২০১৯-২০ অর্থ বছর (২০২০-২১ করবর্ষ) এর Fixed Budget এর আওতায় আয়কর রিটার্ন দাখিল ও এ সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য আইসিএবি এর সদস্যভুক্ত এবং আয়কর উপদেষ্টা হিসাবে পেশাগত সেবা প্রদানে আগ্রহী চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম এর নিকট হতে সীল মোহরকৃত প্রস্তাবনা PPR এর Request For Proposal (RFP) আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। আগ্রহী বাংলাদেশ চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম কে অবশ্যই ICAB এর তালিকাভুক্ত এবং আয়কর উপদেষ্টা হিসাবে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
- ২। আগ্রহী বাংলাদেশ চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম কে ন্যূনতম ২(দুই) টি সেবামূলক প্রতিষ্ঠানে আয়কর উপদেষ্টা হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। সিএ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পিপিআর ২০০৩ এর বিধি ৪৬ অনুসারে যোগ্য হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার সমর্থনে বিধি ৪৭ অনুসারে আবশ্যিকীয় কাগজপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
- ৪। চট্টগ্রাম ওয়াসার প্রণয়নকৃত আয়কর উপদেষ্টা এর কার্যপরিধি (TOR) মতে কাজ সম্পাদন করতে হবে।
- ৫। দরখাস্তের সাথে ফার্মের আয়কর উপদেষ্টা হিসাবে কাজের অভিজ্ঞতা সনদ এর কপি দাখিল ও কর্মরত জনবলের জীবনবৃত্তান্ত এবং অভিজ্ঞতা ও সহায়ক উপকরণাদি ও বিবরণ যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- ৬। আগ্রহী চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম নিম্ন স্বাক্ষরকারীর সাথে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করে কার্য পরিধি (TOR) সংগ্রহ ও আয়কর উপদেষ্টা হিসাবে কাজের বিষয়ে অধিক তথ্য জানতে পারবে।
- ৭। বর্ণিত নির্দেশনা অনুসারে প্রস্তাব যথাযথভাবে চিহ্নিতখামে সীলগালা করে ২ সেট আবেদনপত্র (EOI) আগামী ১৫/০৬/২০২১ খ্রিঃ সকাল ১০টা হতে দুপুর ১.০০ টার মধ্যে চট্টগ্রাম ওয়াসা, দামপাড়া, চট্টগ্রাম এর ওয়াসা ভবনের ২য় তলায় অবস্থিত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বক্সে জমা দিতে হবে।
- ৮। দাখিলকৃত আবেদনপত্র (EOI) একই তারিখে দুপুর ২.০০ টায় প্রাপ্ত প্রস্তাব সমূহ বহিঃনিরীক্ষক মূল্যায়ন কমিটি কর্তৃক উপস্থিত প্রস্তাবদাতাদের সম্মুখে (যদি কেউ থাকেন) খোলা হবে।
- ৯। আবেদন খামের উপর স্পষ্টাক্ষরে Expressions of Interest (EOI) লিখতে হবে। কোন কারন দর্শানো ব্যতিরেকে আয়কর উপদেষ্টা হিসাবে যে কোন চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম এর নিয়োগ প্রদান/নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ তৌহিদুল ইসলাম)
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
চট্টগ্রাম ওয়াসা, ওয়াসা ভবন
দামপাড়া, চট্টগ্রাম।
ফোন- ০৩১-৬১৫৫৮২।